



ড. ইউনূসকে প্রধান করে অন্তর্বর্তীকালীন সরকার গঠনের সিদ্ধান্ত

পৃষ্ঠা ৪

সাপ্তাহিক
# দেশকাল
deshkalus.com
বাংলা ভাষায় পুরো বিশ্ব

মঙ্গলবার
আগস্ট ৬, ২০২৪
বর্ষ: ১, সংখ্যা: ৯
পৃষ্ঠা ৪



# কমলা হ্যারিসের রানিং মেট হিসেবে টিম ওয়ালজের নাম ঘোষণা

যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট নির্বাচনে ডেমোক্রেটিক দলের প্রার্থী কমলা হ্যারিস তাঁর রানিং মেট (ভাইস প্রেসিডেন্ট) হিসেবে টিম ওয়ালজের নাম ঘোষণা করেছেন। তিনি মিনেসোটা অঙ্গরাজ্যের গভর্নর হিসেবে দায়িত্ব পালন করছিলেন। একাধিক সূত্র এ তথ্য সিএনএনকে নিশ্চিত করেছে।

সূত্র জানিয়েছে, স্থানীয় সময় আজ মঙ্গলবার টিম ওয়ালজের নাম ঘোষণা করেন কমলা। আজই দুজনের ফিলাডেলফিয়া অঙ্গরাজ্যে নির্বাচনী প্রচারণায় যাওয়ার কথা রয়েছে। এরপর আগামী কয়েক দিনে নির্বাচনী প্রতিদ্বন্দ্বিতাপূর্ণ অঙ্গরাজ্যগুলোতে সফরে যাবেন তাঁরা।

৫৯ বছর বয়সী কমলা বর্তমানে যুক্তরাষ্ট্রের ভাইস প্রেসিডেন্টের দায়িত্ব পালন করছেন। ৫ নভেম্বরের নির্বাচনে প্রার্থিতার দৌড় থেকে বর্তমান প্রেসিডেন্ট জো বাইডেন সরে দাঁড়ানোর পর কমলার নাম সামনে চলে আসে। ডেমোক্রেটিক দল থেকে প্রার্থী হতে ইতিমধ্যে তিনি প্রয়োজনীয় প্রতিনিধির সমর্থন পেয়েছেন।

১৯ আগস্ট ডেমোক্রেটিক পার্টির জাতীয় সম্মেলনে আনুষ্ঠানিকভাবে দলীয় প্রার্থী হিসেবে কমলা হ্যারিসের নাম ঘোষণা করা হলে তিনি হবেন যুক্তরাষ্ট্রের ইতিহাসে প্রথম কৃষ্ণাঙ্গ নারী প্রেসিডেন্ট প্রার্থী। এর আগেই মাত্র দুই সপ্তাহের প্রচারে বেশ সাড়া ফেলেছেন কমলা। সাম্প্রতিক জনমত জরিপগুলোয় রিপাবলিকান পার্টির প্রার্থী ডোনাল্ড ট্রাম্পের চেয়েও এগিয়ে রয়েছেন তিনি।

সাপ্তাহিক দেশকাল
deshkalus.com
বাংলা ভাষায় পুরো বিশ্ব



# মিশরে প্রবাসীদের বিজয় উল্লাস ও মিষ্টি বিতরণ

তুমুল গণআন্দোলনের মুখে আওয়ামী লীগ সভাপতি শেখ হাসিনা পদত্যাগ করে দেশ ছাড়ায় উচ্ছাস প্রকাশ করে বিজয় উল্লাস ও মিষ্টি বিতরণ করেছেন মিশরে অবস্থানরত বাংলাদেশি শিক্ষার্থী ও প্রবাসীরা।

সোমবার (৫ আগস্ট) বিখ্যাত আল-আজহার মসজিদ ও বিশ্ববিদ্যালয় ছাত্রাবাসে নিজেদের মধ্যে মিষ্টি বিতরণ করেন তারা।

সন্ধ্যায় দেশটিতে বাংলাদেশি ছাত্র সংগঠন ইত্তেহাদের অঙ্গ সংগঠন 'আজহার ওয়েলফেয়ার সোসাইটি'র উদ্যোগে আল-আজহার বিশ্ববিদ্যালয় ছাত্রাবাসে (মদিনাতুল বুউস) ক্রিকেট ম্যাচ, মিষ্টি বিতরণ, দেশাত্মবোধক গান, সম্প্রতি দেশে নিহতের জন্য দোয়ার আয়োজন করেন বাংলাদেশি শিক্ষার্থীরা।

উল্লেখ্য, ৫ আগস্ট ছাত্র আন্দোলন ও গণবিক্ষোভের মুখে পদত্যাগ করে হেলিকপ্টারযোগে দেশ ছাড়েন শেখ হাসিনা।

# নিউ ইয়র্কে এস্টোরিয়া ওয়েলফেয়ার সোসাইটির সাধারণ সম্পাদক জাবেদ উদ্দিনের মায়ের স্মরণে মিলাদ মাহফিল



মৌলভীবাজার ডিষ্ট্রিক্ট সোসাইটি ইউএসএ'র সিনিয়র সহ সভাপতি ও এস্টোরিয়া ওয়েলফেয়ার সোসাইটি ইউএসএ'র সাধারণ সম্পাদক মো. জাবেদ উদ্দিনের মা মরহুমা বেগম রানী খানের বিদেহী আত্মার মাগফেরাত কামনায় নিউ ইয়র্কে মিলাদ ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়েছে। বাদ মাগরিব এস্টোরিয়ার আল আমীন ইসলামিক সেন্টার মসজিদে এই দোয়া মাহফিলের আয়োজন করা হয়। খবর ইউএনএ'র।

মাহফিলে এস্টোরিয়া ওয়েলফেয়ার সোসাইটি ইউএসএ আয়োজিত এই মাহফিলে কমিউনিটির বিশিষ্ট ব্যক্তি সহ সর্বস্তরের শতাধিক প্রবাসী বাংলাদেশী উপস্থিত ছিলেন।




# বাংলাদেশে সহিংসতায় নিহতদের স্মরণে যুক্তরাষ্ট্রে কনসার্ট

ছাত্রদের কোটা সংস্কার আন্দোলনে পুলিশের গুলিতে নিরীহ ছাত্র-জনতা নিহতের ঘটনাকে কেন্দ্র করে সারা দেশ এখন উত্তাল। বহির্বিশ্বেও বাংলাদেশের ছাত্রদের এ আন্দোলনকে সংহতি জানিয়েছে অনেক বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীরা। তারা ব্যানার হাতে রাস্তায় বিক্ষোভ করেছেন। আন্দোলনকারীদের সমর্থনে সামাজিক যোগাযোগমাধ্যমে পোস্ট দিয়েছেন অনেকে।

এবার বাংলাদেশের ছাত্র আন্দোলনে নিহতদের স্মরণে কনসার্টের আয়োজন করেছে আমেরিকার জর্জিয়া রাজ্যের আটলান্টা শহরে বসবাসরত বাংলাদেশি শিক্ষার্থীরা। তারা ইতিমধ্যেই সামাজিক যোগাযোগ মাধ্যমে এর প্রচারণা শুরু করে দিয়েছে। 'শহীদ স্মরণে' শিরোনামের এই কনসার্টটি মূলত আর্থিক তহবিল সংগ্রহের উদ্দেশ্যে আয়োজন করা হয়েছে। কনসার্টটি আগামী ১৮ আগস্ট দুপুর ১টায় জর্জিয়ার লিলবার্ন শহরের মিউজিক অন মেইন স্ট্রিটে অনুষ্ঠিত হবে বলে জানানো হয়।

# আমিরাতে অবৈধ প্রবাসীদের বৈধ হওয়ার সুযোগ



১ সেপ্টেম্বর থেকে দুই মাসের সাধারণ ক্ষমা

সংযুক্ত আরব আমিরাতে বসবাসরত অনিয়মিত ও বৈধ কাগজপত্র বিহীন অভিবাসীদের বৈধ হওয়া ও জরিমানা ছাড়াই দেশে ফেরার সুযোগ দিতে যাচ্ছে দেশটির সরকার। আগামী ১ সেপ্টেম্বর থেকে সাধারণ ক্ষমার আওতায় অবৈধ অভিবাসীরা এই সুযোগ নিতে পারবেন। পরবর্তী দুই মাস পর্যন্ত এই সেবা চলমান থাকবে।

শুক্রবার (২ আগস্ট) এই তথ্য নিশ্চিত করেছেন দুবাইয়ের বাংলাদেশ কনস্যুলেটের কনসাল জেনারেল বি এম জামাল হোসেন। এই সুযোগ গ্রহণ করতে মেয়াদোর্ত্তীণ পাসপোর্টধারীদের দ্রুত সময়ের মধ্যে পাসপোর্ট নবায়ন করে নেওয়ার পরামর্শ দিয়েছেন এই কর্মকর্তা।

কনসাল জেনারেল বিএম জামাল হোসেন জানান, এটি অবৈধ প্রবাসীদের জন্য বড় সুযোগ। যেসকল প্রবাসী বিভিন্ন কারণে অনিয়মিত হয়ে গেছেন, কোনো কারণে ভিসার মেয়াদ উত্তীর্ণ হয়ে গেছে, দেশে যেতে পারেননি; তারা সাধারণ ক্ষমার আওতায় বৈধ হতে পারবেন। এ ছাড়া ভিসার মেয়াদোর্ত্তীণ প্রবাসীরা জেল-জরিমানা ছাড়াই দেশে ফিরে যেতে পারবেন। এক্ষেত্রে মেয়াদোর্ত্তীণ পাসপোর্টধারীদের দ্রুত সময়ের মধ্যে পাসপোর্ট নবায়ন করে নিতে বলেন এই কর্মকর্তা। পাশাপাশি দালালের দ্বারস্থ না হওয়া ও গুজবে কান না দিতে অনুরোধ করেন তিনি।

২০১৮ সালে দেশটিতে সাধারণ ক্ষমা চলাকালে বৈধতার জন্য আবেদন করে পাসপোর্ট পেয়েছিলেন প্রায় ৪৫ হাজার বাংলাদেশি।

# তৃষ্ণার্ত গাজাবাসীর পাশে বাংলাদেশিরা



হামাস-ইসরায়েল যুদ্ধ শুরুর আগে থেকেই ফিলিস্তিনের গাজায় পানির সংকট এতটাই বেশি ছিল যে গাজাবাসী দীর্ঘদিন ধরেই তাদের দৈনন্দিন জীবনে প্রতিদিন যে পরিমাণ পানির প্রয়োজন তা পাচ্ছিল না। প্রত্যেক ইসরায়েলি যেখানে প্রতিদিন ২৪০ থেকে ৩০০ লিটার পানি ব্যবহার করে, সেখানে গাজাবাসী প্রতিদিন পানি ব্যবহার করছে মাত্র ৮৩ দশমিক ১ লিটার।

শরণার্থী শিবিরে হাজার হাজার ফিলিস্তিনির জন্য সুপেয় পানি সরবরাহ করতে এগিয়ে এল মিশরের আল-আজহার বিশ্ববিদ্যালয়ের বাংলাদেশি শিক্ষার্থীদের মানবিক সংস্থা 'মাই ডেভেলপমেন্ট অর্গানাইজেশন'।

সংগঠনটির চেয়ারম্যান মোহাম্মদ হাফিজুল ইসলাম সাকিব জানান, বাংলাদেশের বিভিন্ন সংস্থা ও ব্যক্তিগতভাবে পাঠানো আর্থিক অনুদান দিয়ে 'মাই ডেভেলপমেন্ট অর্গানাইজেশন' এর ব্যানারে আমরা খান ইউনূসে শরণার্থী শিবিরগুলোতে আশ্রয় নেওয়া অসহায় ফিলিস্তিনিদের কাছে বিশুদ্ধ সুপেয় পানি সরবরাহ করছি। এছাড়াও কায়রোতে আশ্রয় নেওয়া অসুস্থ ফিলিস্তিনিদের চিকিৎসা সেবা দিচ্ছি। আমাদের এই সহযোগিতা চলমান থাকবে। সামনে আবারও খাদ্য বিতরণ, তাঁবু ও টয়লেটসহ মসজিদ নির্মাণের কর্মসূচি হাতে নিয়েছি।

# ইন্টারন্যাশনাল ইয়ুথ ফ্রেন্ডশিপ ক্যাম্পে বাংলাদেশিদের অংশগ্রহণ




চীনে অনুষ্ঠিত হয়েছে-২০২৪ ইন্টারন্যাশনাল ইয়ুথ ফ্রেন্ডশিপ ক্যাম্প। এই ক্যাম্পের প্রতিপাদ্য ছিল 'তরুণদের সঙ্গে নিংশিয়ার বন্ধন' যেখানে বাংলাদেশিদের অংশগ্রহণ ছিল।

২৬ থেকে ৩১ জুলাই পাঁচ দিনব্যাপী ইন্টারন্যাশনাল ইয়ুথ ফ্রেন্ডশিপ ক্যাম্পটির উদ্বোধন ও সমাপনী অনুষ্ঠান নিংশিয়া হুই অটোনোমাস রিজিওনে অনুষ্ঠিত হয়। সমাপনী অনুষ্ঠানে ইয়ুথ ক্যাম্পে অংশগ্রহণকারীদের মধ্যে সনদ বিতরণ করা হয়।

পাঁচ দিনের সফরে, বিভিন্ন দেশের তরুণরা নিংশিয়া পরিদর্শনের মাধ্যমে পারস্পরিক আদান-প্রদানের মাধ্যমে তাদের বোঝাপড়া বাড়িয়েছে এবং বন্ধুত্ব গড়ে তুলেছে। তারা নিংশিয়ার বৈশিষ্ট্যপূর্ণ শিল্পের বিকাশ সম্পর্কে জানতে, ইংচুয়ান ইনট্যাঞ্জিবল কালচারাল হেরিটেজ এক্সিবিশন সেন্টার, নিংশিয়া বাইরুইয়ান উলফবেরি মিউজিয়াম, শাপোথু ন্যাশনাল নেচার রিজার্ভসহ বিভিন্ন জায়গা পরিদর্শন করেন।

ফ্রেন্ডশিপ ক্যাম্পে বাংলাদেশ, শ্রীলঙ্কা, দক্ষিণ কোরিয়া, মঙ্গোলিয়া, জিম্বাবুয়ে, ইন্দোনেশিয়া এবং কাজাখস্তান সহ ১২টি দেশের ৩৪ জন যুব প্রতিনিধি এবং নিংশিয়া থেকে ১৩ জন চীনা যুব প্রতিনিধি অংশগ্রহণ করে।




# নিউ ইয়র্কে স্বদেশ ফোরামের আয়োজনে প্রীতি সম্মিলন

নিউ ইয়র্কের জ্যাকসন হাইটসে ৭১-২৪ রুজভেল্টের ২য় তলায় গত ১৭ জুলাই বুধবার বিকেলে স্বদেশ ফোরামের আয়োজনে প্রীতি সম্মিলন অনুষ্ঠিত হয়। স্বদেশ ফোরামের সভাপতি বীর মুক্তিযোদ্ধা ও কবি অবিনাশ চন্দ্র আচার্যের সভাপতিত্বে এবং সাধারণ সম্পাদক এডভোকেট সুফিয়ান আহমদ চৌধুরীর পরিচালনায় প্রীতি সম্মিলনে প্রধান অতিথি ছিলেন জালালাবাদ এসোসিয়েশন অব আমেরিকার সাবেক সভাপতি ময়নূল হক চৌধুরী হেলাল। বিশেষ অতিথি ছিলেন জালালাবাদ ল'সোসাইটি ইউএসএ- এর সভাপতি এডভোকেট এমাদ উদ্দিন, গ্রীণ টার্চের প্রতিষ্ঠাতা নির্বাহী পরিচালক লিয়াকত এলাহী ও সিনিয়র সাংবাদিক হাকিকুল ইসলাম খোকন। প্রীতি সম্মিলনে স্বরচিত ছড়া-কবিতা পাঠ ও দেশের গানে অংশ নেন এডভোকেট মিহির পাল চৌধুরী, জাকির হোসেন বাচ্চু, সৈয়দ হাসমত আলী, এডভোকেট ছায়াদ আহমদ, ছালাবত জাং চৌধুরী, মিল্লাদ আক্তার চৌধুরী, দিলীপ বড়ুয়া, ডা. এইচ এম ফখরুল ইসলাম, এম.এ.সাদেক, সেলিনা বানু, মোহাম্মদ আব্দুল জলিল, মোঃ খলিলুর রহমান, নাকিব আহমদ তমাল, কুতুব উদ্দিন ও এডভোকেট সুফিয়ান আহমদ চৌধুরী।

# মিশিগানে বাজেট অনুমোদন দিলেন গভর্নর গ্রেচেন হুইটমার, উপকৃত হবেন বাংলাদেশিরাও



শিক্ষা খাতে সর্বোচ্চ গুরুত্ব দিয়ে শিল্প, নিরাপত্তা, স্বাস্থ্য, আবাসনকে অগ্রাধিকার রাখার মধ্য দিয়ে এবার ৮২.৫ বিলিয়ন ডলারের বাজেট-(২০২৫ অর্থ বছর) অনুমোদন দিয়েছেন মিশিগান রাজ্য গভর্ণর গ্রেচেন হুইটমার।

মার্কিন যুক্তরাষ্ট্রের অতি গুরুত্বপূর্ণ মটর বাণিজ্যিক অঙ্গ রাজ্য হিসেবে পরিচিত এই অনুমোদিত ঘোষিত বাজেটকে প্রবাসী বাংলাদেশি-সহ নানান দেশীয় এবং এখানকার খোদ আমেরিকানরাও সকল শ্রেণির নাগরিকদের জন্য কল্যাণকর বলছেন। মিশিগানের নাগরিকরা গভর্নর গ্রেচেন গভর্নর হুইটমার ৬ষ্ঠ বারের মতো ওই বাজেট অনুমোদন দিলেন। যাতে শুধু শিক্ষাতেই ৩৩ শতাংশ ব্যয় ধরা হয়েছে। যার পরিমাণ হচ্ছে ২৩.৪ বিলিয়ন ডলার।

অর্থ বছরের এই বাজেটে শিক্ষা খাতকে অগ্রাধিকার দিয়ে তাতে অতিরিক্ত বরাদ্দ দেয়ায় অভিভাবক ও তাদের কোমলমতি সন্তানরা আরো বেশি সুযোগ-সুবিধা ভোগ করতে পারবেন।

জানা গেছে, এই নতুন বাজেট কার্যকরের হওয়ার সঙ্গে সঙ্গে এখন প্রি-স্কুলের শিশুদের জন্য অভিভাবকরা অতিরিক্ত বাড়তি ডলার খরচ করা লাগবে না। শিক্ষার্থীদের জন্য মাথাপিছু বার্ষিক বরাদ্দও বাড়বে অন্তত ৪শ ৫৮ ডলার। ফলে প্রত্যেক শিক্ষার্থীদের জন্য এখন সরকারের বার্ষিক বরাদ্দের পরিমাণ দাঁড়াবে গড়ে ৯ হাজার ৬শ ৮ ডলার।

## নিউ ইয়র্কে আটাব-এর বনভোজন

৪ পৃষ্ঠার পর

এমকে রহমান মাহমুদ, সদস্য সচিব সামসুদ্দিন বশির, সহযোগী আহ্বায়ক মোহাং আবুল কালাম আজাদসহ সকল সদস্যের সার্বিক সহযোগিতায় বনভোজনের আনন্দে মেতে উঠে উপস্থিত সবাই।

বনভোজনে উপস্থিত ছিলেন সংগঠনের সভাপতি মোহাং সেলিম (হারুন), স্বত্বাধিকারী কর্ণফুলী ট্রাভেল্স, সাধারণ সম্পাদক মাসুদ মোর্শেদ স্কাইল্যান্ড ট্রাভেল্স, সংগঠনিক সম্পাদক এএসএম উদ্দিন এ্যাংকর ট্রাভেল, মোহাং কে রহমান, রহমানিয়া ট্রাভেল, এমডি শামশুদ্দিন বশির ওয়ার্ল্ড ট্যুরস ট্রাভেল, মোহাং আবুল কালাম আজাদ নাবিলা ট্রাভেল, নজরুল ইসলাম সত্ত্বাধিকারী ডিজিটাল এস্টোরিয়া ট্রাভেল, মোহাং ফরহাদ উদ্দিন সত্ত্বাধিকারী জান্নাত ট্রাভেল, মোহাং কে জামান রঞ্জু সত্ত্বাধিকারী এক্সপ্রেস এয়ার ট্রাভেল, রূপক বড়ুয়া, বাংলা ট্রাভেল্স এর স্বত্বাধিকারী বেলায়েত হোসেন বেলাল, সাফওয়ান ট্রাভেল এর স্বত্ত্বাধিকারী মোহাং আবদুল খালেক, নাজমা ট্রাভেল এর স্বত্বাধিকারী রোকেয়া বেগম, ফ্লাই এইচটি ট্রাভেল এর সত্ত্বাধিকারী তাহমিনা বেগম, পিস ট্রাভেল এর সত্ত্বাধিকারী মাহবুবুর রহমান, ট্রিপওয়ে ট্রাভেল এর সত্ত্বাধিকারী জাকির হোসেন বাচ্চু, জেট ট্রাভেল এর সত্ত্বাধিকারী মো. মাসুদ তপন। উপদেষ্টা মন্ডলীর মধ্যে উপস্থিত ছিলেন মোহাং এম রহমান মেঘনা ট্রাভেল এবং আলী আহমেদ চৌধুরী জাম্মু ট্রাভেল প্রমুখ।

## বাস্তবতা থেকে চোখ বন্ধ করে রেখে

৪ পৃষ্ঠার পর

গণঅভ্যুত্থান সরকারকে ক্ষমতা থেকে নামিয়েছে।

কিন্তু এবারের এই গণঅভ্যুত্থান ছিল ইতিহাসে সবচেয়ে রক্তাক্ত। এই রক্তপাত এড়ানো যেত। কিন্তু হাসিনার নিরঙ্কুশ ক্ষমতা শুধু দুর্নীতিতেই ছেয়ে ছিল এমন না। একই সঙ্গে বাস্তবতা থেকে অন্ধ ছিল সরকার। ফলে রাষ্ট্রের প্রধান হিসেবে হাসিনা পালিয়ে যেতে বাধ্য হন। কারণ, তাদের আর জনসমর্থন নেই।

# কোটা আন্দোলনে সংহতি, জাতিসংঘ ভবনের সামনে সেভ বাংলাদেশের বিক্ষোভ সমাবেশ



বাংলাদেশের বৈষম্যবিরোধী কোটা আন্দোলনে পুলিশের গুলি ও বর্বরোচিত হামলা এবং সহিসংতায় সাধারণ শিক্ষার্থী এবং নিরীহ মানুষের প্রাণহানি এবং মানবাধিকার লঙ্ঘনের প্রতিবাদে নিউ ইয়র্কে জাতিসংঘের সামনে প্রতিবাদ ও বিক্ষোভ সমাবেশে করেছেন প্রবাসী বাংলাদেশিরা।

সমাবেশে বাংলাদেশি-আমেরিকান শিক্ষার্থীদের পাশাপাশি রাজনৈতিক ব্যক্তিবর্গসহ নিউইর্কের সর্বস্তরের প্রবাসী বাংলাদেশিরা অংশ নেন। তারা দেশের সাধারণ শিক্ষার্থীদের দাবির প্রতি সংহতি প্রকাশ করেন।

সমাবেশে সেভ বাংলাদেশ-এর নিউইয়র্ক চ্যাপ্টারের সমন্বয়কারী ডা. মাসুদুর রহমান, প্রেসিডেন্ট জাহিদ খান, সমন্বয়কারী সৈয়দ আল আমীন রাসেলসহ অন্যান্যের মধ্যে ডা. তুহিন আনোয়ার, ইমরান আনসারী, রওশন হক, রাব্বী সৈয়দ, কনা কামরুন প্রমুখ বক্তব্য রাখেন।

এছাড়া কেন্দ্রীয় বিএনপি নেতা এবং জাতীয় সংসদের সাবেক চীফ হুইপ জয়নাল আবেদীন ফারুক, বিএনপি চেয়ারপারসনের উপদেষ্টা সঙ্গীত শিল্পী বেবী নাজনীন, কেন্দ্রীয় বিএনপি'র জাতীয় নির্বাহী কমিটির সদস্য গিয়াস আহমেদ ও জিল্লুর রহমান জিল্লু, যুক্তরাষ্ট্র বিএনপি নেতা মঞ্জুর আহমেদ চৌধুরী, জসিম উদ্দিন, গিয়াস উদ্দিন, এবাদ চৌধুরী, বদরুল হক আজাদ, নিউজার্সী বিএনপি নেতা আলহাজ সৈয়দ জুবায়ের আলী, কেন্দ্রীয় যুবদলের আন্তর্জাতিক বিষয়ক সম্পাদক আবু সাঈদ আহমদ, যুক্তরাষ্ট্র যুবদলের সাবেক সভাপতি জাকির এইচ চৌধুরী, নিউইয়র্ক স্টেট বিএনপির সভাপতি মোহাম্মদ অলিউল্লাহ আতিকুর রহমান, নিউইয়র্ক মহানগর দক্ষিণ বিএনপি'র সভাপতি হাবিবুর রহমান সেলিম রেজা ও সাধারণ সম্পাদক মোহাম্মদ বদিউল আলম, যুবদল নেতা আতিকুল হক আহাদ, মিজানুর রহমানসহ অন্যান্য নেতৃবৃন্দ যোগ দিয়ে সংহতি প্রকাশ করেন।

এদিকে জাতিসংঘের সামনের বিক্ষোভ সমাবেশ কর্মসূচীর পর বুধবার সন্ধ্যায় জ্যাকসন হাইটসের নবান্ন রেস্টুরেন্ট মিলনায়তনে সেভ বাংলাদেশ-এর পক্ষ থেকে এক সংবাদ সম্মেলনের আয়োজন করা হয়। এতে জাতিসংঘের কর্মসূচী সফল করায় প্রবাসীদের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ এবং আগামীতে আরো কর্মসূচী পালন করা হবে বলে জানানো হয়।



সাপ্তাহিক
deshkalus.com
# দেশকাল
বাংলা ভাষায় পুরো বিশ্ব



মঙ্গলবার
জুলাই ৩০, ২০২৪
বর্ষ: ১, সংখ্যা: ৮



## অস্ট্রেলিয়ার রাজপথে প্রবাসীদের উল্লাস

বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনকারী শিক্ষার্থী ও জনতার দাবির মুখে আজ (সোমবার) প্রধানমন্ত্রীর পদ থেকে পদত্যাগ করেছেন শেখ হাসিনা। এর পরপরই ঢাকাসহ দেশের বিভিন্ন অঞ্চলে রাস্তায় নেমে এসে আনন্দ উদযাপন শুরু করে লাখো মানুষ।

এদিকে এই সংবাদ পাওয়ার পর পরই দেশের মানুষের মতোই রাজপথে নেমে উল্লাস করেছেন অস্ট্রেলিয়ায় বসবাসরত প্রবাসী বাংলাদেশীদের একাংশ। সোমবার সন্ধ্যায় দেশটির নিউ সাউথ ওয়েলস রাজ্যের পশ্চিম সিডনির উপশহর লাকেম্বায় এই ঘটনা ঘটে। এ সময় শিক্ষার্থীসহ সহস্রাধিক প্রবাসী বাংলাদেশী লাকেম্বার রেলওয়ে ব্রিগেড সড়কে অবস্থান নিয় উল্লাস করেন। সেখানে জাতীয় পতাকা ও মাথায় লাল-সবুজ স্কার্ফ বেধে উপস্থিত প্রবাসীরা বাংলাদেশ ও আন্দোলনকারী তরুণ প্রজন্মকে অভিনন্দন জানিয়ে বিভিন্ন স্লোগান দেন।

সেখানে উপস্থিত কয়েকজন প্রবাসী বাংলাদেশি জানান, বিদেশে থাকলেও তারা সব সময় দেশের সাম্প্ররিক পরিস্থিতি নিয়ে উদ্বিগ্ন ছিলেন। তারা চেয়েছিলেন সরকার সবার সঙ্গে সমন্বয় করে সমস্যা সমাধান করবে। তবে তা হয়নি। শেষ পর্যন্ত দেশের মানুষের এক দফা দাবি পূরণ হয়েছে। প্রাণহানি ও সংঘাত বন্ধ হোক এটা তাদের সবার প্রত্যাশা।

দেশে চলমান ছাত্র-জনতার এক দফা দাবি আদায়ের আন্দোলনে সোমবারের কর্মসূচি ছিল মার্চ টু ঢাকা। আন্দোলনের নেতৃত্বে থাকা শিক্ষার্থীদের ডাকে সাড়া দিয়ে লক্ষাধিক মানুষ এদিন রাজধানীতে প্রবেশ করে। এ দিন বেলা আড়াইটায় নাগাদ প্রধানমন্ত্রীর পদ থেকে ওপদত্যাগ্ব করে দেশ ছাড়েন শেখ হাসিনা। বিকা পৌনে চারটা নাগাদ জাতির উদ্দেশ্যে দেওয়া এক ভাষণে এ তথ্য জানান সেনাপ্রধান জেনারেল ওয়াকার-উজ-জামান।



## ড. ইউনূসকে প্রধান করে অন্তর্বর্তীকালীন সরকার গঠনের সিদ্ধান্ত

রাষ্ট্রপতি মোঃ সাহাবুদ্দিনের সঙ্গে তিন বাহিনীর প্রধানগণ ও বৈষম্য বিরোধী ছাত্র আন্দোলনের সমন্বয়কারীদের বৈঠকে নোবেল বিজয়ী অধ্যাপক ড. মুহাম্মদ ইউনুসকে প্রধান করে একটি অর্ন্তবর্তীকালীন সরকার গঠনের বিষয়ে সিদ্ধান্ত হয়েছে।

দেশের বর্তমান পরিস্থিতি ও অন্তর্বর্তী©কালীন সরকারের রূপরেখা নিয়ে রাষ্ট্রপতির সঙ্গে আলোচনার জন্য মঙ্গলবার (৬ আগস্ট) সন্ধ্যা ৬টার পরপরই বঙ্গভবনে যান বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের ১৩ সমন্বয়ক। এরপর এমন সিদ্ধান্ত এল।

এরপর সন্ধ্যা ৭টা ৪০ মিনিটে বঙ্গভবনে প্রবেশ করেন সেনাপ্রধান, নৌপ্রধান ও বিমান বাহিনীর প্রধান। রাষ্ট্রপতির সঙ্গে বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের ১৩ সমন্বয়ক ও তিন বাহিনীর প্রধানের আলোচনার পরই এ সরকার গঠন করা হয়।

সোমবার (৫ আগস্ট) দুপুরে প্রধানমন্ত্রীর পদ থেকে পদত্যাগ করে দেশ ছাড়েন শেখ হাসিনা। তার সঙ্গে ছোট বোন শেখ রেহানাও দেশত্যাগ করেন। এর পরপরই মন্ত্রিসভা বিলুপ্ত হয়।

## নিউ ইয়র্কে আটাব-এর বনভোজন



নিউ ইয়র্কের এস্টোরিয়া আমেরিকান ট্রাভেল এজেন্ট এসোসিয়েশন অব বাংলাদেশ ইন্ক (আটাব) এর বার্ষিক বনভোজন আয়োজিত হয়েছে। নিউ ইয়র্কের বাংলাদেশি ট্রাভেল ব্যবসায়ী ও তাদের পরিবার-পরিজনসহ অনেকেই উপস্থিত ছিলেন। কর্মব্যস্ত জীবনের ফাঁকে এই আয়োজন ছিল সত্যিই উপভোগ্য।

বনভোজন কমিটির অতিথি, বন্ধু, প্রিয়জন ছাড়াও স্থানীয় গণমাধ্যমের অনেকেই উপস্থিত ছিলেন। ছিলেন সংগঠনের সভাপতি মোহাং সেলিম (হারুন), সাধারণ সম্পাদক মাসুদ মোরশেদ ও আহ্বায়ক পৃষ্ঠা ৩ কলাম ১

## জ্যাকসন হাইটসে ‘মেমোরি অব বাংলাদেশ’ ম্যুরালের ওপর হোমকেয়ার বিজ্ঞাপন!




নিউ ইয়র্কে জ্যাকসন হাইটসে ডাইভারসিটি প্লাজা সংলগ্ন একটি রেস্টুরেন্টের দেয়ালে আঁকা ‘সেলিব্রেশন অব ডাইভারসিটি: মেমোরি অব বাংলাদেশ’ শীর্ষক ম্যুরালটি ঢাকা পড়েছে বাংলাদেশি মালিকানাধীন একটি হোমকেয়ারের বিজ্ঞাপনে। রেস্টুরেন্টটির মালিক বাংলাদেশি হলেও ভবনটির মালিক একজন পাকিস্তানি। রেস্টুরেন্ট মালিক একবারও ভাবেননি তার মাতৃভূমির কৃষ্টি-সংস্কৃতির কথা। মূল্যায়ন করেননি একজন শিল্পীর শিল্পকর্মকে। তিনি দেয়াল ভাড়া দিয়েছেন।

গত বছর ১৯ মে আনুষ্ঠানিক ভাবে বাংলাদেশ ম্যুরাল উদ্বোধন করেন সিটি কাউন্সিল মেম্বার শেখর কৃষ্ণান। ম্যুরালটিতে বাংলাদেশের চিরায়ত প্রাকৃতিক সৌন্দর্য্য তুলে ধরেছেন শিল্পী জিহান ওয়াজেদ। উদ্বোধনের পর প্রতিদিনই অসংখ্য মানুষ ভীড় করছেন ম্যুরালটি দেখতে। অনেকে ছবি দিচ্ছেন ফেসবুকে। ম্যুরালটির উদ্বোধনী পর্বে উপস্থিত ছিলেন স্থানীয় কাউন্সিলম্যান শেখর কৃষ্ণান, নিউইয়র্ক স্টেট অ্যাসেম্বলিম্যান স্টিভেন রাগা, জেসিকা রোজাস প্রমুখ।

নগরবাসীর মানসিক উৎকর্ষতা ও সৌন্দর্য্য বৃদ্ধির জন্য নির্ভইয়র্ক সিটি কর্তৃপক্ষ সরকারী বেসরকারী বিভিন্ন গুরুত্বপূর্ণ স্থাপনা, হাসপাতাল ও বিনোদন কেন্দ্রে ম্যুরাল তৈরি করছে। কোন বেসরকারী প্রতিষ্ঠান বা ব্যক্তি উদ্যোগে ম্যুরাল তৈরি করলেও সিটি কর্তৃপক্ষ তাতে সব ধরনের সহযোগিতা প্রদান করে থাকে।

‘মেমোরি অব বাংলাদেশ’ শীর্ষক ম্যুরালটি ধ্বংস করা হচ্ছে। এটি একটি নিন্দনীয় কাজ।

## ‘বাস্তবতা থেকে চোখ বন্ধ করে রেখে ইতিহাস রচনা করলেন হাসিনা’



বাস্তবতা থেকে চোখ বন্ধ করে রেখেছিলেন। অবশেষে দেশ থেকে পালিয়ে ইতিহাস রচনা করলেন শেখ হাসিনা। বিবিসি বাংলার মীর সাব্বির তার লেখায় এ কথা বলেছেন। তিনি আরও লিখেছেন, পদত্যাগ করে এবং বাংলাদেশ থেকে পালিয়ে ছাত্র আন্দোলনকারীদের চূড়ান্ত ফল দিয়েছেন তিনি।

গত মাসে যখন প্রতিবাদ বিক্ষোভ শুরু হয় তখন থেকে সরকার এই আন্দোলনকে পাত্তাই দেয়নি। তারা একে বিরোধীদের ষড়যন্ত্র অথবা একটি সন্ত্রাসী হামলা বলে বর্ণনা করেছে। তিনটি বিতর্কিত নির্বাচনের মাধ্যমে কমপক্ষে ১৫ বছর ক্ষমতায় ছিল শেখ হাসিনার আওয়ামী লীগ। তারা বিক্ষোভকারীদের দাবি শুনতে অস্বীকৃতি জানিয়েছে।

আক্ষরিক অর্থে বাংলাদেশের সবচেয়ে পুরনো এই রাজনৈতিক দল ‘দেয়াল লিখন’ পর্যন্ত পড়তে পারেনি। ১৯৯০-এর ছাত্রদের নেতৃত্বে গণঅভ্যুত্থানের ৩৪ বছর পরে আরেকটি পৃষ্ঠা ৩ কলাম ১

**সম্পাদক:** হোসনেয়ারা চৌধুরী, **নির্বাহী সম্পাদক:** মুবিন খান, **প্রকাশক ও প্রেসিডেন্ট:** শাহ্ জে. চৌধুরী, **শিল্প নির্দেশনা:** আবদুল্লাহ আল নোমান
রূপসী বাংলা এন্টারটেইনমেন্ট নেটওয়ার্ক কর্তৃক ৭০-৫২ ব্রডওয়ে ১এ, জ্যাকসন হেইটস্, নিউ ইয়র্ক ১১৩৭২, যুক্তরাষ্ট্র থেকে প্রকাশিত।
ফোন: +১ (৭১৮) ৪৯৬-২০০০, Email: deshkaalus@gmail.com, www.deshkalus.com